



কড়াইলবাসীর পাশে থাকার প্রতিশ্রুতি তারেক রহমানের



সংগৃহীত ছবি

কড়াইলবাসীর পাশে থাকার আশ্বাস দিয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, কড়াইল আমার নিজের এলাকা, এখানকার মানুষ আমার আপনজন। বিপদে—আপদে সাধ্যমতো কড়াইলবাসীর পাশে থাকবো।

মঙ্গলবার (২০ জানুয়ারি) বিকেলে মহাখালীর টি অ্যান্ড টি মাঠে কড়াইলবাসীর আয়োজনে খালেদা জিয়ার জন্য দোয়া মাহফিলে তিনি এসব কথা বলেন। তারেক রহমান জানান, বস্তিবাসী শিশুদেরও দালানে বেড়ে ওঠা শিশুদের মতো সমান সুযোগ নিশ্চিত করা হবে। শিক্ষা, খেলাধুলা, ভাষা শেখা ও চিকিৎসা—সবক্ষেত্রেই সমান অধিকার প্রতিষ্ঠাই লক্ষ্য। তিনি বলেন, কড়াইলের মানুষের আবাসন সংকট ধাপে ধাপে সমাধানের পরিকল্পনা রয়েছে। ভবিষ্যতে বহুতল ভবন নির্মাণ করে নিবন্ধিত বাসিন্দাদের নামে ছোট ফ্ল্যাট হস্তান্তর করা হবে, যাতে রাজধানীতে তাদের স্থায়ী ঠিকানা থাকে। পাশাপাশি স্কুলের সঙ্গে খেলার মাঠের ব্যবস্থাও করা হবে। স্বাস্থ্যসেবা প্রসঙ্গে তিনি বলেন, কড়াইলেই ক্লিনিক ও হাসপাতাল গড়ে তুলে চিকিৎসা সহজলভ্য করা হবে, যাতে কাউকে দূরে যেতে না হয়। গ্যাস, বিদ্যুৎ ও পানির বিল আদায়ে জোরজবরদস্তি বন্ধের কথাও জানান তিনি।

নারীদের ক্ষমতায়নের বিষয়ে তারেক রহমান বলেন, খালেদা জিয়া বিনামূল্যে শিক্ষার সুযোগ চালু করেছিলেন। বিএনপি ভবিষ্যতে মা-বোনদের আর্থিক সুরক্ষায় ‘ফ্যামিলি কার্ড’ চালুর উদ্যোগ।